

মূল বইয়ের অতিরিক্ত অংশ

দশম অধ্যায়: এসো বলকে জানি



পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্নোত্তর

প্রশ্ন ১ রিহাম স্কুলে যাওয়ার জন্য বাসস্ট্যান্ডে এসে ১৬০০ কেজি ভরের এবং ২ মিটার/সেকেন্ড^২ ত্বরণে চলা একটি বাসে উঠল। কিন্তু আসন খালি না থাকায় দাঁড়িয়ে থাকার সময় হঠাৎ বাসটি ব্রেক করায় সে সামনের দিকে ঝুঁকে পড়ল। আবার বাসটি চলা শুরু করলে সে পেছনের দিকে হেলে পড়ল। এভাবে সমস্ত রাস্তায় ঘটনাটি বারবার ঘটে লাগলো।

◀ শিখনফল-৬ ও ২/চ. বো. ২০১৬/

- | | |
|--|---|
| ক. বল কাকে বলে? | ১ |
| খ. নিউটনের তৃতীয় সূত্রটি ব্যাখ্যা করো। | ২ |
| গ. বাসটির ওপর ক্রিয়াশীল বলের মান নির্ণয় করো। | ৩ |
| ঘ. রিহামের উপলক্ষ করা বিপরীতমুখী ঘটনা দুটির কারণ বিশ্লেষণ করো। | ৪ |

১ নং প্রশ্নের উত্তর

ক যা স্থির বস্তুর ওপর ক্রিয়া করে তাকে গতিশীল করে বা করতে চায় বা যা গতিশীল বস্তুর ওপর ক্রিয়া করে তার গতির পরিবর্তন করে বা করতে চায়, তাকে বল বলে।

খ নিউটনের গতি বিষয়ক ৩য় সূত্রটি হলো- 'প্রত্যেক ক্রিয়ারই সমান ও বিপরীত প্রতিক্রিয়া আছে।' অর্থাৎ কোনো বস্তুর উপর কোনো কিছু যতটুকু ক্রিয়া সংঘটিত করবে ঐ বস্তুটি ঠিক ততটুকুই প্রতিক্রিয়া ফিরিয়ে দেবে। এক্ষেত্রে ক্রিয়া-প্রতিক্রিয়া বল সর্বদা দুটি ভিন্ন বস্তুর উপর হবে। উদাহরণস্বরূপ রকেটের কথা বলা যায়। রকেটের পেছন থেকে তীব্র গতিতে গ্যাসীয় জ্বালানি বের হয়ে আসে। এর প্রতিক্রিয়াস্বরূপ রকেটও সমান গতিতে বিপরীত দিকে অর্থাৎ উপরের দিকে ছুটে চলে।

গ উদ্দীপকে,

বাসের ভর, $m = ১৬০০$ কেজি

বাসের ত্বরণ, $a = ২$ মিটার/সেকেন্ড^২

∴ বাসের ওপর ক্রিয়াশীল বল, $F = ?$

নিউটনের দ্বিতীয় সূত্র অনুযায়ী,

$$F = ma$$

$$= ১৬০০ \text{ কেজি} \times ২ \text{ মিটার/সেকেন্ড}^২$$

$$= ৩২০০ \text{ নিউটন}$$

সুতরাং বাসটির ওপর ক্রিয়াশীল বলের মান ৩২০০ নিউটন।


ঘ রিহাম বাস ব্রেক করায় সামনে ঝুঁকে পড়ে, আবার বাস চলা শুরু করলে পেছনে ঝুঁকে পড়ে। এ দুটি বিপরীতমুখী ঘটনা ঘটে যথাক্রমে গতি ও স্থিতি জড়তার কারণে।

বস্তু তার গতির যে অবস্থায় আছে চিরকাল সেই অবস্থায় থাকতে চাওয়ার যে প্রবণতা বা সেই অবস্থা বজায় রাখতে চাওয়ার যে ধর্ম, তাকে জড়তা বলে। স্থিতিশীল বস্তুর চিরকাল স্থির থাকতে চাওয়ার যে প্রবণতা বা স্থিতি বজায় রাখতে চাওয়ার যে ধর্ম, তাকে স্থিতি জড়তা এবং গতিশীল বস্তুর চিরকাল সমবেগে গতিশীল থাকতে চাওয়ার যে প্রবণতা বা ধর্ম তাকে গতি জড়তা বলা হয়।

গতিশীল বাস যখন থেমে যায় তখন রিহামের শরীরের নিচের অংশ বাসের সাথে থেমে যায়। কিন্তু উপরের অংশ তখনও গতিশীল থাকার কারণে সে সামনের দিকে ঝুঁকে পড়ে। অর্থাৎ এক্ষেত্রে গতি জড়তার কারণে হঠাৎ গাড়িটি থামলে চলন্ত গাড়ির সকল যাত্রী সামনের দিকে ঝুঁকে পড়েন। পক্ষান্তরে বাসটি পুনরায় চলতে শুরু করলে রিহামের শরীরের নিচের অংশ গাড়ির সাথে চলতে শুরু করে, কিন্তু উপরের অংশ বাস সংলগ্ন না হওয়ায় তা পেছনের দিকে হেলে পড়ে। অর্থাৎ এক্ষেত্রে স্থির বাস হঠাৎ চলতে শুরু করলে স্থিতি জড়তার কারণে সকল যাত্রী পিছনের দিকে হেলে পড়ে।

সুতরাং রিহামের প্রথমে সামনে ও পরে পেছনে ঝোঁকা এ বিপরীত দুটি ঘটনার কারণ হলো- যথাক্রমে স্থিতি জড়তা ও জড়তা।

প্রশ্ন ২



'A' বস্তুটিকে -100N বল প্রয়োগ করার পরও এক পর্যায়ে 'B' বিন্দুতে থেমে যায়।

◀ শিখনফল-৬ ও ৮/সি. বো. ২০১৬/

- | | |
|--|---|
| ক. মাধ্যাকর্ষণ বল কী? | ১ |
| খ. শক্তিশালী নিউক্লিয় বল কী? ব্যাখ্যা করো। | ২ |
| গ. 'A' বস্তুটির ত্বরণের মান বের করো। | ৩ |
| ঘ. 'A' বস্তুটি 'B' বিন্দুতে গিয়ে থেমে যাওয়ার কারণ যুক্তিসহ বিশ্লেষণ করো। | ৪ |

২ নং প্রশ্নের উত্তর

ক এ মহাবিশ্বের সকল বস্তু এদের ভরের দ্বারা পরস্পরের উপর যে বল প্রয়োগ করে একে অপরকে নিজের দিকে টানে তাকে মাধ্যাকর্ষণ বল বলে।

খ সকল পদার্থ পরমাণু দিয়ে গঠিত। পরমাণুর কেন্দ্রে থাকে নিউক্লিয়াস এবং একে কেন্দ্র করে ঘুরে ইলেকট্রন। নিউক্লিয়াসে থাকে প্রোটন ও নিউট্রন। এদেরকে বলা হয় নিউক্লিয়ন। যে শক্তিশালী আকর্ষণ বল নিউক্লিয়নগুলোর মধ্যে কাজ করে এবং নিউক্লিয়াসকে আটকে বা ধরে রাখে তাকে শক্তিশালী নিউক্লিয় বল বলে। এই বলের পাল্লা অতি ক্ষুদ্র, নিউক্লিয়াসের বাইরে কাজ করে না। তবে এই বল তড়িত চৌম্বক বলের চেয়ে ১০০ গুণ শক্তিশালী। এই বল আকর্ষণধর্মী।

গ উদ্দীপক অনুযায়ী,

A বস্তুটির ভর, $m = 500 \text{ kg}$

প্রযুক্ত বলের মান, $F = -100\text{N}$

∴ নির্ণেয় ত্বরণ, $a = ?$

আমরা জানি,

নিউটনের বলের ২য় সূত্রানুযায়ী—

$$F = ma$$

$$\text{বা, } a = \frac{F}{m}$$

$$= \frac{-100 \text{ N}}{500 \text{ kg}}$$

$$= -0.2 \text{ ms}^{-2}$$

সুতরাং A বস্তুটির উপর বল প্রয়োগে সৃষ্ট ত্বরণ ঋণাত্মক এবং এর মান 0.2 ms^{-2} ।

ঘ উদ্দীপক অনুযায়ী A বস্তুটির উপর 100N বল প্রয়োগ করে এর অবস্থানের পরিবর্তন করা হয়। এক্ষেত্রে বস্তুটি কিছুদূর যাবার পর B বিন্দুতে থামার কারণ হলো এর উপর বিপরীতমুখী -100N বল প্রয়োগ।

নিউটনের ৩য় সূত্রানুযায়ী প্রত্যেক ক্রিয়ারই সমান ও বিপরীতমুখী প্রতিক্রিয়া রয়েছে। কোনো বস্তুর ওপর বল প্রয়োগ করলে তার অবস্থার পরিবর্তন হয়। এক্ষেত্রে স্থির বস্তু গতিশীল হয় এবং গতিশীল বস্তুর গতির পরিবর্তন হয়।

গতিশীল বস্তুকে থামাতে এর গতির বিপরীত দিকে বল প্রয়োগ করতে হয়। উদ্দীপকের A বস্তুটি শুরুর গতিশীল থাকলেও এর গতির বিপরীত দিকে 100 N বল প্রয়োগ করায় এর বেগ কমতে থাকে অর্থাৎ মন্দন হয়। ফলে বেগ কমতে কমতে এক সময় বস্তুটি থেমে যায়।

প্রশ্ন ৩ ব্যাংক কর্মকর্তা রাজিব চট্টগ্রাম থেকে ঢাকা যাবার উদ্দেশ্যে এস আলম পরিবহনের একটি বাসে উঠল। ১৬০০ কেজি ভরের বাসটি ১৫ মিটার/সে.^২ ত্বরণে চলে কুমিল্লা পৌছার আগমুহুর্তে চালক হঠাৎ ব্রেক কষে থামিয়ে দিলে সিট বেস্ট না থাকায় রাজিব সামনের সিটের সাথে ধাক্কা খেল। চালক সামনের চাকার একটি টায়ার ক্ষয়ে যাওয়ায় তা বদলায়ে আবার চলতে শুরু করল।

- ◀ শিখনফল-৪ ও ৬ / র. বো. ২০১৬/
- ক. এক নিউটন বল কাকে বলে? ১
- খ. স্থিতি ও গতির দুইটি পার্থক্য লিখ। ২
- গ. গাড়িটির উপর প্রয়োগকৃত প্রযুক্ত বল নির্ণয় করো। ৩
- ঘ. চালক যে কারণে ক্ষয়প্রাপ্ত টায়ার বদলিয়ে নিল, তা আমাদের দৈনন্দিন জীবনে কোন ধরনের সুবিধা পাওয়া যাবে? বিশ্লেষণ করো। ৪

৩ নং প্রশ্নের উত্তর

ক যে পরিমাণ বল এক কিলোগ্রাম ভরের কোনো বস্তুর ওপর প্রযুক্ত হয়ে এক মিটার/সেকেন্ড^২ ত্বরণ সৃষ্টি করে তাকে এক নিউটন বলে।

খ স্থিতি ও গতির দুইটি পার্থক্য হলো—

স্থিতি	গতি
i. কোনো বস্তুর স্থির অবস্থান বা অপরিবর্তিত অবস্থানকে স্থিতি বলে।	i. কোনো বস্তুর চলমান অবস্থা বা অবস্থান পরিবর্তনের অবস্থাকে গতি বলে।
ii. স্থির বস্তু স্থিতি জড়তা দেখায়।	ii. গতিশীল বস্তু গতি জড়তা দেখায়।

গ উদ্দীপক অনুযায়ী,

বাসের ভর, $m = 1600$ কেজি

বাসটির ত্বরণ, $a = 15$ মিটার/সে.^২

∴ বাসটির ওপর প্রযুক্ত বল, $F = ?$

নিউটনের দ্বিতীয় সূত্র হতে আমরা পাই,

$$F = ma$$

$$= 1600 \text{ কেজি} \times 15 \text{ মিটার/সে.}^2$$

$$= 24,000 \text{ নিউটন}$$

সুতরাং, বাসটির ওপর প্রযুক্ত বল ২৪,০০০ নিউটন।

ঘ উদ্দীপকে চালক ঘর্ষণ সুবিধা পাবার জন্য গাড়ির টায়ার বদলে নিলো। দুটি বস্তু যখন পরস্পরের সংস্পর্শে থেকে একে অপরের ওপর চলতে চেষ্টা করে তখন এদের স্পর্শতলে তাদের গতির বিরুদ্ধে একটি বাধার সৃষ্টি হয়, এটাই ঘর্ষণ বল।

আমাদের দৈনন্দিন জীবনে ঘর্ষণ অত্যন্ত প্রয়োজনীয় ভূমিকা রাখে। ঘর্ষণ না থাকলে আমরা হাঁটতে পারতাম না, পিছলে পড়ে যেতাম। কাঠে পেরেক বা স্ক্রু আটকে থাকত না, দড়িতে কোনো গিরো দেওয়া সম্ভব হতো না। ঘর্ষণ আছে বলেই আমরা হাত দিয়ে খাতা, কলম, বইসহ যাবতীয় জিনিস ধরতে পারি। গাড়ি বা সাইকেলের টায়ার, ব্রেকের ঘর্ষণের এগুলো সময়মতো থামতে পারে। বাতাসের ঘর্ষণ আছে বলেই প্যারাসুট ব্যবহার করে কেউ বিমান থেকে নিরাপদে নামতে পারে।

আলোচনার প্রেক্ষিতে বলা যায় যে, আমাদের দৈনন্দিন জীবনে ঘর্ষণ বিভিন্নভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

প্রশ্ন ৪ ৩০ কেজি ভরের একটি বস্তুকে মেঝের উপর ঠেলে দেওয়া হল। মেঝের সাথে ঘর্ষণ বল সৃষ্টি হওয়ায় বস্তুটি ১.৫ মি./সে.^২ ত্বরণ সৃষ্টি করে এক সময় থেমে গেল।

- ◀ শিখনফল-৪ ও ৬ / দি. বো. -২০১৫/
- ক. বল কী? ১
- খ. অস্পর্শ বল বলতে কী বোঝায়? ২
- গ. বস্তুর উপর প্রযুক্ত ঘর্ষণ বলের মান নির্ণয় করো। ৩
- ঘ. উপরোক্ত বলটি সীমিত করার প্রয়োজনীয়তা বিশ্লেষণ করো। ৪

৪ নং প্রশ্নের উত্তর

ক যা স্থির বস্তুর ওপর ক্রিয়া করে তাকে গতিশীল করে বা করতে চায় অথবা যা গতিশীল বস্তুর ওপর ক্রিয়া করে তার গতির পরিবর্তন করে বা করতে চায়, তাকে বল বলে।

খ দুটি বস্তুর প্রত্যক্ষ সংস্পর্শ ছাড়াই যে বল ক্রিয়া করে তাকে অস্পর্শ বল বলে। যেমন দুটি বস্তুর মধ্যে ক্রিয়াশীল আকর্ষণমূলক মহাকর্ষ বল, দুটি আহিত বস্তুর মধ্যে ক্রিয়াশীল আকর্ষণ বা বিকর্ষণকারী তড়িৎ বল, দুটি চুম্বকের মেঝুর মধ্যে আকর্ষণ বা বিকর্ষণমূলক বল অথবা একটি চুম্বক ও একটি চৌম্বক পদার্থের মধ্যে ক্রিয়াশীল আকর্ষণ বল হলো অস্পর্শ বল তথা দূরবর্তী বলের উদাহরণ।

গ আমরা জানি,

$$F = ma$$

$$= 30 \text{ কেজি} \times 1.5 \text{ মি./সে.}^2$$

$$= 45 \text{ নিউটন}$$

এখানে,

$$\text{বস্তুর ভর, } m = 30 \text{ কেজি}$$

$$\text{ত্বরণ, } a = 1.5 \text{ মি./সে.}^2$$

$$\text{বল, } F = ?$$

অতএব বস্তুটির ওপর প্রযুক্ত ঘর্ষণ বলের মান ৪৫ নিউটন।

ঘ উদ্দীপকে উল্লেখিত বলটি হলো ঘর্ষণ বল। বিভিন্ন প্রয়োজনে ঘর্ষণকে সীমিত করার দরকার হয়। কোনো তলকে খুব মসৃণ করে ঘর্ষণকে কমানো যেতে পারে। অনেক স্কুলে বা পার্কে শিশুদের খেলার জন্য স্লাইড থাকে। এটাকে খুব মসৃণ করে তৈরি করা হয়, যাতে শিশুরা সহজে পিছলে নামতে পারে। তেল বা গ্রিজ তলগুলোকে মসৃণ করে এবং ঘর্ষণকে কমিয়ে দেয়। এ কারণে যন্ত্রপাতির গতিশীল অংশগুলো তেল বা

গ্রিজ দ্বারা আবৃত থাকে যা ঘর্ষণকে কমায় এবং যন্ত্রপাতিকে ক্ষয়ক্ষতির হাত থেকে রক্ষা করে। তেল এবং গ্রিজের মতো পদার্থ যা ঘর্ষণ কমানোর জন্য ব্যবহৃত হয়। ঘর্ষণ কমানোর আর একটি উপায় হচ্ছে কোনো তলের উপর দিয়ে একটি বস্তুকে পিছলিয়ে নেওয়ার চেয়ে গড়িয়ে নেওয়া।

উপর্যুক্ত আলোচনা থেকে বলা যায়, আমাদের প্রাত্যহিক জীবনের বিভিন্ন প্রয়োজনে ঘর্ষণ বলটি সীমিত করা অতীব জরুরি।

প্রশ্ন ▶ ৫ স্কুল থেকে হেঁটে বাড়ি ফেরার পথে সিফাত বিয়ারিংযুক্ত একটি ঠেলাগাড়িতে কিছু মালামাল বহন করতে দেখল। সে তৎক্ষণাৎ ক্লাসে পড়া নিউটনের একটি সূত্রের সঙ্গে বিষয়টির মিল খুঁজে পেল।

◀শিখনফল- ৬ ও ৯/ক্. বো. ২০১৫/

- ক. ভরবেগ কোন রাশি? ১
খ. চলন্ত গাড়ী হঠাৎ থেমে গেলে আমরা সামনের দিকে ঝুঁকে পড়ি কেন? ২
গ. সিফাতের দেখা ঘটনাটি যে সূত্রকে সমর্থন করে তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. সিফাতের বাড়ি ফেরার বিষয়টি সূত্রের সাহায্যে বিশ্লেষণ করো। ৪

৫ নং প্রশ্নের উত্তর

ক ভরবেগ একটি ভেক্টর রাশি।

খ আমাদের শরীরের নিচের অংশ গাড়ীর সীট ও মেবোর সাথে সংলগ্ন ও সংস্পর্শে থাকে বিধায়, চলন্ত গাড়ী হঠাৎ থেমে গেলে দেহের এ অংশগুলো স্থির হয়ে যায়। তবে দেহের উপরের অংশগুলো মেটামুটি সংস্পর্শবিহীন থাকে বিধায় চলন্ত গাড়ী হঠাৎ ব্রেক কষলে আমরা সামনের দিকে ঝুঁকে পড়ি।

গ সিফাতের দেখা ঘটনাটি হলো ঠেলাগাড়ি দিয়ে মালামাল বহন করা। এটি নিউটনের গতির দ্বিতীয় সূত্রকে সমর্থন করে। এ সূত্রানুসারে, বস্তুর ভরবেগের পরিবর্তনের হার এর ওপর প্রযুক্ত বলের সমানুপাতিক এবং বল যেদিকে ক্রিয়া করে ভরবেগের পরিবর্তনও সেদিকে হবে।

ঘর্ষণ বলের কারণে বাহ্যিক বল প্রয়োগ ব্যতিরেকে ঠেলাগাড়ি গতিশীল হতে চায় না। তবে ঠেলাগাড়ির ওপর সামনের দিকে বল প্রয়োগ করা হলে তা ঘর্ষণ বল অতিক্রম করতে সফল হয় এবং লম্বি বলের দিক হয় সম্মুখ বরাবর। তখন মালামালসহ ঠেলাগাড়ির ভরবেগের পরিবর্তনের হার লম্বিবলের মানের সমানুপাতিক হয় এবং লম্বিবল সম্মুখদিকে ক্রিয়া করায় ভরবেগের পরিবর্তন সম্মুখ দিকেই হয়।

ঘ সিফাত হেঁটে বাড়ি ফিরছিল। তার হাঁটার বিষয়টি নিউটনের তৃতীয় সূত্রের সাহায্যে ব্যাখ্যা করা যায়। ব্যাখ্যাটি নিম্নরূপ :

হাঁটার সময় সে পা দিয়ে মাটিতে তীর্যকভাবে আঘাত করে। এটি হলো ক্রিয়াবল। ক্রিয়াবলের বিপরীতে মাটি পায়ের ওপর তীর্যকভাবে উপরের দিকে প্রতিক্রিয়া বল প্রয়োগ করে। এই প্রতিক্রিয়া বল দুটি উপাংশে বিভাজিত হয়। উল্লম্ব উপাংশ দেহের ওজন কিছুটা হ্রাস করে, অনুভূমিক উপাংশ সিফাতকে সামনের দিকে নিয়ে যায়। ইহাই হলো সিফাতের হেঁটে বাড়ি ফেরায় নিউটনের গতির ৩য় সূত্রের প্রয়োগ।

প্রশ্ন ▶ ৬ নৌকা তীরে আসার সাথে সাথেই জাকির লাফ দিয়ে ডাঙায় উঠলো। সে লক্ষ্য করলো লাফ দেয়ার সাথে সাথে নৌকাটিও সমবেগে পিছন দিকে সরে গেল। কিছুক্ষণ পর সে আকাশের দিকে তাকিয়ে সাদা ধোঁয়ার তৈরি একটি রেখা দেখতে পেল। সে বুঝতে পারলো কিছুক্ষণ পূর্বে এপথ দিয়ে একটি রকেট উড়ে গেছে। ◀শিখনফল- ৮/সি. বো. ২০১৫/

- ক. স্পর্শ বল কাকে বলে? ১
খ. বস্তুর জড়তা বলতে কী বোঝায়? ২
গ. জাকিরের দেখা প্রথম ঘটনাটি নিউটনের কোন সূত্রকে সমর্থন করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের প্রথম ঘটনার জ্ঞানকে কীভাবে দ্বিতীয় ঘটনায় প্রয়োগ করা হয়েছে— বিশ্লেষণ করো। ৪

৬ নং প্রশ্নের উত্তর

ক যে বল কেবল দুটি বস্তুর ভৌত সংস্পর্শে এসে পরস্পরের ওপর ক্রিয়া করে তাকে স্পর্শ বল বলে।

খ বস্তু যে অবস্থায় আছে চিরকাল সেই অবস্থায় থাকতে চাওয়ার যে প্রবণতা বা সেই অবস্থা বজায় রাখতে চাওয়ার যে ধর্ম, তাই জড়তা। স্থিতিশীল বস্তুর চিরকাল স্থির থাকতে চাওয়ার যে প্রবণতা বা স্থিতি বজায় রাখতে চাওয়ার যে ধর্ম তাকে স্থিতি জড়তা এবং গতিশীল বস্তুর চিরকাল সমবেগে গতিশীল থাকতে চাওয়ার যে প্রবণতা বা ধর্ম তাকে গতি জড়তা বলা হয়।

গ জাকিরের দেখা প্রথম ঘটনাটি হলো, নৌকা থেকে লাফ দেওয়ার সাথে সাথে নৌকাটিও সমবেগে পেছন দিকে সরে যাওয়া। এটি নিউটনের গতির ৩য় সূত্রকে সমর্থন করে। সূত্রটি হলো, 'প্রত্যেক ক্রিয়ারই একটি সমান ও বিপরীত প্রতিক্রিয়া রয়েছে।'

লাফ দেওয়ার জন্য জাকির পা দিয়ে নৌকার ওপর ক্রিয়া বল প্রয়োগ করে। এর প্রভাবে নৌকাটি পেছনে সরে যায়। ক্রিয়াবলের জবাবে নৌকা জাকিরের দেহের ওপর ক্রিয়াবলের বিপরীতে প্রতিক্রিয়া বল প্রয়োগ করে। এ বলের প্রভাবে জাকির লাফ দিতে এবং সামনে এগিয়ে যেতে সমর্থ হয়। উল্লেখ্য যে, ক্রিয়া এবং প্রতিক্রিয়া যুগপৎভাবে ঘটে।

ঘ উদ্দীপকের দ্বিতীয় ঘটনাটি হলো উল্লম্বভাবে উপরের দিকে রকেটের তীব্রবেগে গমন। প্রথম ঘটনার সাথে নিউটনের গতির ৩য় সূত্র জড়িত। রকেটের গতিশীলতায় নিউটনের গতির ৩য় সূত্রের জ্ঞান প্রয়োগ করা হয়েছে।

রকেটে তরল অক্সিজেন ও তরল হাইড্রোজেনের বিক্রিয়ায় প্রচুর গ্যাস উৎপন্ন হয়। প্রতিনিয়ত গ্যাস উৎপন্ন হতে থাকায় আগে উৎপন্ন গ্যাস প্রচণ্ড বেগে রকেটের পেছন দিয়ে বেরিয়ে যায়। এ সময় গ্যাস চেম্বারের ধাতব ও কঠিন অংশ গ্যাসের ওপর ধাক্কা বল প্রয়োগ করে। ইহা হলো ক্রিয়া। নিউটনের ৩য় সূত্রানুসারে, এ সময় বহির্গত গ্যাস ও রকেটের বডির ওপর ক্রিয়াবলের সমমানের কিন্তু বিপরীতমুখী প্রতিক্রিয়া বল প্রয়োগ করে। প্রতিক্রিয়া বলের কারণে রকেট সামনের দিকে (উল্লম্ব উপরের দিকে) এগিয়ে যায়। এক্ষেত্রেও ক্রিয়া ও প্রতিক্রিয়া যুগপৎ ঘটে।

প্রশ্ন ▶ ৭ তিতাস ২৫ কেজি ভরের একটি বস্তু নিক্ষেপ করতে ২ মি./সে^২ ত্বরণ সৃষ্টি হলো। দ্বিতীয়বার সে ঐ বস্তুটিকে একটি মসৃণ তলে ও তৃতীয়বার অমসৃণ তলে সমান বল প্রয়োগ করে দেখে যে, তৃতীয়বার বস্তুটি তুলনামূলক কম দূরত্ব অতিক্রম করে।

◀শিখনফল-৬ ও ৯/ঘ. বো. ২০১৫/

- ক. বল কী? ১
খ. চলন্ত গাড়ী হঠাৎ ব্রেক কষলে যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়ে কেন? ২
গ. প্রথমবার তিতাস বস্তুটিতে কত বল প্রয়োগ করেছিল তা নির্ণয় করো। ৩
ঘ. তৃতীয়বার কম দূরত্ব অতিক্রম করার ঘটনাটি আমাদের বাস্তব জীবনে গুরুত্বপূর্ণ কেন বিশ্লেষণ করো। ৪

৭ নং প্রশ্নের উত্তর

ক যা স্থির বস্তুর উপর ক্রিয়া করে তাকে গতিশীল করে বা করতে চায় বা যা গতিশীল বস্তুর ওপর ক্রিয়া করে তার গতির পরিবর্তন করে বা করতে চায় তাকে বল বলে।

খ যাত্রীর শরীরের নিচের অংশগুলো বাসের সীট ও মেঝের সাথে সংলগ্ন ও সংস্পর্শে থাকে বিধায় গাড়ী হঠাৎ থেমে গেলে দেহের এ অংশগুলো স্থির হয়ে যায়। তবে দেহের উপরের অংশগুলো মোটামুটি সংস্পর্শবিহীন থাকে বিধায় চলন্ত গাড়ী হঠাৎ ব্রেক কবলে যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়ে। এটি গতি জড়তার উদাহরণ।

গ দেওয়া আছে, বস্তুর ভর = ২৫ কেজি এবং ত্বরণ = ২ মি./সে.^২
 \therefore প্রযুক্ত বল = ভর \times ত্বরণ = ২৫ কেজি \times ২ মি./সে.^২
 = ৫০ নিউটন

সুতরাং প্রথমবার তিতাস বস্তুটিতে ৫০ নিউটন বল প্রয়োগ করেছিল।

ঘ তৃতীয় বার কম দূরত্ব অতিক্রম করার কারণ হলো ঘর্ষণ। এ ঘর্ষণের উৎস হলো অমসৃণ তল। আমাদের বাস্তব জীবনে ঘর্ষণের ভূমিকা নিম্নে আলোচনা করা হলো :

আমাদের দৈনন্দিন জীবনে ঘর্ষণ অত্যন্ত প্রয়োজনীয়। ঘর্ষণ না থাকলে আমরা হাঁটতে পারতাম না, পিছলে যেতাম। কাঠে পেরেক বা স্ক্রু আটকে থাকত না, দড়িতে কোনো গিরো দেওয়া সম্ভব হতো না। ঘর্ষণ আছে বলেই আমরা হাত দিয়ে খাতা, কলম, বইসহ যাবতীয় জিনিস ধরতে পারি। গাড়ি বা সাইকেলের টায়ার ও ব্রেকের ঘর্ষণের ওপর আমাদের জীবন নির্ভরশীল। বাতাসের ঘর্ষণ আছে বলেই প্যারাসুট ব্যবহার করে কেউ বিমান থেকে নিরাপদে নামতে পারে। পৃথিবীর বায়ুমণ্ডলে প্রবেশকালে উল্কা বায়ুর সাথে ঘর্ষণের ফলে উৎপন্ন তাপে পুড়ে ছাই হয়ে যায়।

ঘর্ষণের জন্য আমাদের অসুবিধাও কম পোহাতে হয় না। যন্ত্রপাতির যে সকল অংশ পরস্পরের সাথে ঘষা খায় সেগুলো ঘর্ষণের ফলে ক্ষয়প্রাপ্ত হয়। সময়ের সাথে সাইকেল, রিক্সা ও গাড়ির টায়ার ক্ষয়প্রাপ্ত হয়। পেন্সিল দিয়ে লিখতে থাকলে এর মাথা ভোঁতা হয়ে যায়। ঘর্ষণের ফলে জুতোর সোল ক্ষয়ে যায়। যন্ত্রের দক্ষতা হ্রাস পায় আবার ঘর্ষণের ফলে অনাবশ্যিক তাপ উৎপন্ন হয়, এতেও যন্ত্রের ক্ষতি হয়।

এ সকল কারণে উদ্দীপকে তৃতীয়বার কম দূরত্ব অতিক্রম করার ঘটনাটি (ঘর্ষণের সম্মুখীন হওয়া) আমাদের বাস্তব জীবনে খুবই গুরুত্বপূর্ণ।

প্রশ্ন ৮ আলম 640kg ভরের একটি গাড়ীতে ঢাকা যাচ্ছে। বিশ্বরোড ট্রাফিক সিগন্যালে তার ড্রাইভার গাড়ীতে 1920 নিউটন বল প্রয়োগ করায় গাড়ীটি ধীরে ধীরে থেমে গেল এবং দাঁড়িয়ে রইল। কিছুক্ষণ দাঁড়ানোর পর তার গাড়ি আবার যাত্রা শুরু করে পূর্ণ গতিতে চলতে থাকল।

◀ শিখনফল-১ ও ৫

- | | |
|---|---|
| ক. মাধ্যাকর্ষণ বল কাকে বলে? | ১ |
| খ. শক্তিশালী নিউক্লিয় বল কী? বুঝিয়ে লিখ। | ২ |
| গ. গাড়িটি কত ত্বরণে চলছিল? | ৩ |
| ঘ. গাড়িটি এরূপ আচরণ করার কারণ যুক্তিসহকারে উপস্থাপন করো। | ৪ |

৮ নং প্রশ্নের উত্তর

ক এ মহাবিশ্বের সকল বস্তু এদের ভরের দরুন পরস্পরের উপর যে বল প্রয়োগ করে একে অপরকে নিজের দিকে টানে তাকে মাধ্যাকর্ষণ বল বলে।

খ সকল পদার্থ পরমাণু দিয়ে গঠিত। পরমাণুর কেন্দ্রে থাকে নিউক্লিয়াস এবং একে কেন্দ্র করে ঘুরে ইলেকট্রন। নিউক্লিয়াসে থাকে প্রোটন ও নিউট্রন, যাদেরকে নিউক্লিয়ন বলা হয়। যে শক্তিশালী আকর্ষণ বল নিউক্লিয়নগুলোর মধ্যে কাজ করে এবং নিউক্লিয়াসকে আটকে বা ধরে রাখে, তাকে শক্তিশালী নিউক্লিয় বল বলে। এই বলের পাল্লা অতি ক্ষুদ্র, যা নিউক্লিয়াসের বাইরে কাজ করে না। তবে এই বল তাড়িত চৌম্বক বলের চেয়ে ১০০ গুণ শক্তিশালী ও আকর্ষণ ধর্মী।

গ মনে করি, গাড়িটি a ত্বরণে চলছিল।

উদ্দীপকে উল্লিখিত গাড়ির ভর, $m = 640$ কেজি

ড্রাইভার কর্তৃক প্রযুক্ত বল, $F = 1920$ নিউটন

গাড়িটির ত্বরণ, $= a = ?$

আমরা জানি, $F = ma$

$$\text{বা, } a = F/m = \frac{1920}{640} = 3 \text{ মি/সে.}^2$$

ঘ গাড়িটির এরূপ আচরণ করার কারণ হচ্ছে ট্রাফিক সিগন্যালের বিভিন্ন বাতি। ট্রাফিক সিগন্যালের বিভিন্ন বাতির কারণেই গাড়ি অনেক সময় ধীরে ধীরে গতি কমিয়ে দেয়, কখনো স্থির হয়ে দাঁড়িয়ে পড়ে, আবার কখনো স্থিরাবস্থা হতে পূর্ণ গতিতে চলতে শুরু করে। নিচে গাড়িটির এরূপ আচরণ করার কারণ যুক্তিসহকারে উপস্থাপন করা হলো-

ট্রাফিক সিগন্যালে তিনটি বাতি থাকে। যার একটি লাল বাতি, একটি হলুদ বাতি এবং একটি সবুজ বাতি। স্বপনের গাড়িটি ট্রাফিক সিগন্যালে পৌঁছানোর আগে ড্রাইভার ট্রাফিক সিগন্যালের বাতির দিকে লক্ষ করে দেখল সেখানে হলুদ বাতি জ্বলছে। হলুদ বাতি জ্বলার অর্থ হচ্ছে ড্রাইভারকে তার গাড়ির গতি নিয়ন্ত্রণ করতে হবে অর্থাৎ তাকে গতি কমিয়ে দিতে হবে। এজন্য আলমের ড্রাইভার ট্রাফিক সিগন্যালে ধীরে ধীরে তার গাড়ির গতি কমিয়ে দেয়। ড্রাইভার এই নির্দেশ পালন করার পর পরই ট্রাফিক সিগন্যালে লাল বাতি জ্বলে উঠল লাল বাতি জ্বলার অর্থ হচ্ছে ড্রাইভারকে তার গাড়ি থামিয়ে দিতে হবে। কেননা তখন অন্য পাশের রাস্তা দিয়ে গাড়ি চলছে। এ অবস্থায় ড্রাইভার যদি তার গাড়ি স্থির না করে তবে অন্য পাশ দিয়ে চলাচলকারী গাড়ির সাথে তার গাড়ির সংঘর্ষ ঘটবে। এ জন্য লালবাতি জ্বলার কারণে আলমের গাড়ি দাঁড়িয়ে রইল। আবার তার গাড়ি কিছুক্ষণ দাঁড়িয়ে থাকার পর যাত্রা শুরু করে পূর্ণ গতিতে চলার কারণ হলো ট্রাফিক সিগন্যালে সবুজ বাতির জ্বলে উঠা। কেননা সবুজ বাতি সামনে এগিয়ে যাওয়ার অনুমতি নির্দেশ করে। অতএব ট্রাফিক সিগন্যালের বিভিন্ন বাতির বিভিন্ন কাজ নির্দেশ করবার কারণে আলমের গাড়ি বিভিন্ন আচরণ করেছিল।

প্রশ্ন ৯ আমিন ও মমিন আম বাগানে লুকোচুরি খেলছিল। হঠাৎ আমিন দেখতে পেল একটি আম গাছ থেকে মাটিতে পড়ছে। মমিন দৌড়ে সেটিকে কুড়িয়ে নিল। অপরদিকে আমিন আমটিকে ধরতে গিয়ে মাটিতে হেঁচট খেয়ে পড়ে গেল।

◀ শিখনফল- ২ ও ৮

- | | |
|--|---|
| ক. অভিকর্ষ বল কাকে বলে? | ১ |
| খ. অভিকর্ষ বল একটি অস্পর্শ বল— ব্যাখ্যা করো। | ২ |
| গ. আমিন মাটিতে পড়ে গেল কেন? এখানে কী ধরনের বল কাজ করেছে? | ৩ |
| ঘ. আম পৃথিবীর দিকে ছুটে আসলেও পৃথিবী আমের দিকে ছুটে যায় না— বিশ্লেষণ করো। | ৪ |

৯ নং প্রশ্নের উত্তর

ক কোনো বস্তুকে পৃথিবী যে বলে তার নিজের দিকে টানে বা আকর্ষণ করে তাকে অভিকর্ষ বল বলে।

খ পৃথিবী এবং অন্য কোনো বস্তুর মধ্যে ক্রিয়াশীল বলকে অভিকর্ষ বল বলে। কোনো বস্তুকে পৃথিবী আকর্ষণ করলে তাদের মধ্যে কোনো স্পর্শ থাকে না। যে সব বল দুটি বস্তুর প্রত্যক্ষ সংস্পর্শ ছাড়াই ক্রিয়া করে, তাদেরকে অস্পর্শ বল বলে। অভিকর্ষ বলের ক্ষেত্রে পৃথিবী এবং অন্য কোনো বস্তুর মধ্যে সরাসরি সংস্পর্শ ঘটে না। তাই অভিকর্ষ বল একটি অস্পর্শ বল।

গ গতি জড়তার সংজ্ঞা থেকে আমরা জানি, কোন গতিশীল বস্তুর গতি বজায় রাখতে চাওয়ার ধর্মকে গতি জড়তা বলে। উদ্দীপকের আমিন দৌড়ে আমের দিকে যাচ্ছিল বলে সে গতি জড়তায় ছিল। হোঁচট খাবার সময় মাটিতে ধাক্কা খেয়ে তার পা থেমে যায় কিন্তু

শরীরের উপরের অংশ সামনের দিকে এগিয়ে যায় এবং হেলে পড়ে এবং ফলশ্রুতিতে সে পড়ে যায়।

তাই আমরা বলতে পাড়ি, আমিন গতি জড়তার জন্য মাটিতে পড়ে গেল।

আমিনের মাটিতে পড়ে যাওয়া তার পা ও মাটির ধাক্কার কারণে ঘটেছে। তাই তার পড়ে যাওয়া স্পর্শ বল।

ঘ আম পৃথিবীর দিকে ছুটে আসলেও পৃথিবী আমের দিকে ছুটে যায় না। এর কারণ হলো পৃথিবীর অভিকর্ষ বল। আমরা জানি পৃথিবী ও কোনো বস্তুর মধ্যবর্তী আকর্ষণ বলকে অভিকর্ষ বল বলে। এই অভিকর্ষ বল বস্তু দুটির ভরের এবং তাদের মধ্যবর্তী দূরত্বের উপর নির্ভর করে। পৃথিবী তার স্থান ত্যাগ করে না। কারণ পৃথিবীর ভর আমের তুলনায় অনেক বেশি এবং পৃথিবীর তুলনায় আমের ভর অতি নগণ্য। তাই পৃথিবীর আকর্ষণে আম পৃথিবীর দিকে ছুটে আসে, আমের আকর্ষণে পৃথিবী আমের দিকে ছুটে যায় না।

 প্রশ্নব্যাংক

 উত্তর সংকেতসহ প্রশ্ন

প্রশ্ন ▶ ১০ R.D.A ল্যাব. স্কুল এন্ড কলেজের শিক্ষার্থী মিনা স্কুল বাসে যাতায়াত করে। বাসটির ভর 1600 kg। সে লক্ষ করল যখন বাসটি স্থির অবস্থান থেকে হঠাৎ চলতে শুরু করে তখন শিক্ষার্থীরা পেছনে হেলে পড়ে। আবার যখন হঠাৎ ব্রেক করে তখন শিক্ষার্থীরা সামনে ঝুঁকে পড়ে। এর কারণ তার বিজ্ঞান শিক্ষকের কাছে জানতে চাইলে তিনি বিষয়টি বুঝিয়ে দেন।

◀ শিখনফল- ৬ ও ৮

- ক. সবচেয়ে শক্তিশালী বল কোনটি? ১
খ. ঘর্ষণ কমানোর উপায় কী কী? ২
গ. গাড়িটি যখন 4 ms^{-2} ত্বরণে চলে তখন প্রযুক্ত বল কত? ৩
ঘ. শিক্ষার্থীদের সামনে ঝুঁকে পড়া ও পেছনে হেলে পড়ার কারণ বিশ্লেষণ করো। ৪

১০ নং প্রশ্নের উত্তর

ক নিউক্লিয় বল।

খ ঘর্ষণ কমানোর উপায়গুলো নিম্নরূপ—

- i. কোনো তলকে খুব মসৃণ করে ঘর্ষণ কমানো হয়।
ii. যন্ত্রপাতির গতিশীল অংশগুলো তেল বা গ্রিজ দ্বারা আবৃত করে ঘর্ষণ কমানো যায়।
iii. কোনো তলের উপর দিয়ে একটি বস্তুকে পিছলে নেওয়ার চেয়ে গড়িয়ে নিলে ঘর্ষণ কমানো যায়।



সুপার টিপস: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

গ একটি বাসের ভর 1400 kg। এর ওপর একটি বল প্রযুক্ত হওয়ায় এর ত্বরণ হলো 3 ms^{-2} । প্রযুক্ত বলের মান কত?

ঘ চলন্ত বাস হঠাৎ থেমে গেলে যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়ে এবং থেমে থাকা বাস হঠাৎ চলতে শুরু করলে যাত্রীরা পিছনের দিকে হেলে পড়ে কেন— বিশ্লেষণ করো।

প্রশ্ন ▶ ১১ বল প্রয়োগে বস্তুর ত্বরণ ঘটে। এটি বস্তুর ভর 100kg এর উপর একটি বল প্রযুক্ত হওয়ার ত্বরণ হলো $১০ \text{ মি/সে}^২$ এই মান নিউটনের দ্বিতীয় সূত্রের সাহায্যে নির্ণয় করা যায়।

◀ শিখনফল- ৬

- ক. নিউটনের তৃতীয় সূত্র কী? ১
খ. বল বস্তুর গতির উপর কী প্রভাব ফেলে তা ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে প্রদত্ত বস্তুটির বলের মান নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপকে প্রদত্ত দ্বিতীয় সূত্রটি প্রমাণ করো। ৪

১১ নং প্রশ্নের উত্তর

ক নিউটনের তৃতীয় সূত্রটি হলো— প্রত্যেক ক্রিয়ারই একটি সমান ও বিপরীত প্রতিক্রিয়া আছে।

খ বল কোনো স্থির বস্তুর ওপর প্রযুক্ত হয়ে তাতে গতির সৃষ্টি করে বা করতে চায়। এছাড়া কোনো গতিশীল বস্তুর উপর বল প্রয়োগ করা হলে তার গতির পরিবর্তন ঘটে। অর্থাৎ, বল গতিবেগের মান অথবা দিক অথবা উভয়ের পরিবর্তন ঘটায়।



সুপার টিপস: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

গ একটি বস্তুর ভর 50 kg। এর ওপর 10 N বল প্রযুক্ত হলে বস্তুটির ত্বরণ কত হবে?

ঘ নিউটনের গতির দ্বিতীয় সূত্রটি গাণিতিকভাবে প্রমাণ করো।

প্রশ্ন ▶ ১২ আকাশ 200 gm ভরের একটি স্থির ফুটবল 5N বল কিক করে একে গতিশীল করে। বলটি দেওয়ালে ধাক্কা খেয়ে ফিরে এলে সে পুনরায় কিক করে। এবার সে পায়ে কিছুটা ব্যথা অনুভব করে।

◀ শিখনফল- ৬ ও ৮

- ক. শুধু আকর্ষণধর্মী বল কোনটি? ১
খ. অভিকর্ষ বল একটি অস্পর্শ বল ব্যাখ্যা করো। ২
গ. আকাশের কিক করা বলটির ত্বরণ নির্ণয় করো। ৩
ঘ. আকাশের কিক করা বলটি তার কাছে ফিরে আসার কারণ বিশ্লেষণ করো। ৪

১২ নং প্রশ্নের উত্তর

ক শুধু আকর্ষণধর্মী বল হলো মাধ্যাকর্ষণ বল।

খ কিছু বল আছে যা বস্তুর ভৌত সংস্পর্শে না এসেও ক্রিয়া করে। এ ধরনের বলকে অস্পর্শ বল বলে। অভিকর্ষ ক্ষেত্রে কোনো বস্তু এবং

পৃথিবীর মধ্যে কোনো স্পর্শের প্রয়োজন হয় না। এ বলের কারণে পৃথিবী যেকোনো বস্তুকে নিজের দিকে টানে। একটি বস্তুকে উপরে ছুড়ে দেওয়া হলেও এ বলের কারণে তা পুনরায় পৃথিবীতে ফিরে আসে। একারণে অভিকর্ষ বলকে অস্পর্শ বল বলা হয়।



সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

গ 4N বলের একটি বস্তুকে 5ms^{-2} ত্বরণে মেঝেতে ছুড়ে দেওয়া হলো। বস্তুটির ভর কত?

ঘ নিউটনের তৃতীয় সূত্রটি আলোচনা করো।

প্রশ্ন ▶ ১৩ 400 kg ভরের একটি গাড়ি স্থির অবস্থায় আছে। 80 N বলে ধাক্কা দেওয়ায় গাড়িটি কিছুপথ যাওয়ার পর থেমে গেল। এটি সম্ভব হয়েছে ঘর্ষণজনিত বলের কারণে।

◀ শিখনফল- ৬ ও ৮

- ক. বল কী রাশি? ১
খ. নিউটনের ২য় সূত্র থেকে কীভাবে বলের পরিমাপ করা যায়? ২
গ. গাড়িটির ত্বরণ নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শেফোক্ত বলটি ক্রিয়া না করলে গাড়িটিকে থামানো সম্ভব হতো কিনা- যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

১৩ নং প্রশ্নের উত্তর

ক বল ভেক্টর রাশি।

খ নিউটনের ২য় সূত্রটি হলো—

বস্তুর ভরবেগের পরিবর্তনের হার প্রযুক্ত বলের সমানুপাতিক। এই সূত্র থেকে বলের পরিমাণ নিম্নোক্তভাবে বের করা যায়—

বস্তুর ভরবেগ হলো, ভর \times বেগ

ভরবেগের পরিবর্তনের হার = ভর \times বেগের পরিবর্তনের হার

$$= \text{ভর} \times \text{ত্বরণ}$$

সুতরাং ২য় সূত্র থেকে আমরা পাই, বল = ভর \times ত্বরণ

উক্ত সূত্রের সাহায্যে বলের পরিমাপ করা যায়।



সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

গ 20 kg ভরবিশিষ্ট মসৃণ ট্রলিতে 40N বল প্রয়োগ করা হলে ত্বরণ কত হবে?

ঘ ঘর্ষণ বল ক্রিয়া না করলে চলন্ত গাড়িকে থামানো সম্ভব না কেন – ব্যাখ্যা করো।

প্রশ্ন ▶ ১৪ শম্পা স্কুলে যাওয়ার জন্য বাসস্ট্যাণ্ডে এসে 1600 কেজি ভরের এবং 2 মিটার/সেকেন্ড^২ ত্বরণে চলা একটি বাসে উঠল। কিন্তু আসন খালি না থাকায় দাঁড়িয়ে থাকার সময় হঠাৎ বাসটি ব্রেক করায় সে সামনের দিকে ঝুঁকে পড়ল। আবার বাসটি চলা শুরু করলে সে পেছনের দিকে হেলে পড়ল। এভাবে সমস্ত রাস্তায় ঘটনাটি বারবার ঘটতে লাগলো।

◀ শিখনফল- ৬ ও ৮

- ক. ভর কী ধরনের রাশি? ১
খ. পরমাণুতে কী ধরনের বল ক্রিয়া করে ব্যাখ্যা করো। ২
গ. বাসটির উপর ক্রিয়াশীল বলের মান নির্ণয় করো। ৩
ঘ. শম্পার উপলব্ধি করা বিপরীতমুখী ঘটনা দুটির কারণ বিশ্লেষণ করো। ৪

১৪ নং প্রশ্নের উত্তর

ক ভর একটি স্কেলার রাশি।

খ পরমাণুতে তড়িত চৌম্বক বল ক্রিয়া করে। পরমাণুর অভ্যন্তরে থাকে নিউক্লিয়াস। নিউক্লিয়াসকে কেন্দ্র করে কতগুলো বৃত্তাকার পথে ঘোরে ইলেকট্রন। নিউক্লিয়াস ধনাত্মক চার্জযুক্ত এবং ইলেকট্রনসমূহ ঋণাত্মক চার্জযুক্ত হওয়ায় এদের মধ্যে এক ধরনের আকর্ষণ বল কাজ করে। দুটি চার্জযুক্ত কণিকার মধ্যে যে আকর্ষণ তাকে তড়িত চৌম্বক বল বলে। তাই বলা যায়, পরমাণুতে তড়িত চৌম্বক বল ক্রিয়া করে।



সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

গ একটি গাড়ির ভর 200 kg। এর ওপর 50 N বল প্রযুক্ত হলে গাড়িটির ত্বরণ কত হবে?

ঘ চলন্ত বাস হঠাৎ ব্রেক করলে যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়ে এবং থেমে থাকা বাস হঠাৎ চলতে শুরু করলে যাত্রীরা পিছনের দিকে হেলে পড়ে কেন? বিশ্লেষণ করো।

▶ অনুশীলনের জন্যে আরও প্রশ্ন

প্রশ্ন ▶ ১৫ শারমিন তার কর্মস্থল হতে বাসায় রিকশাযোগে যায়। সেদিন তার রিকশা হঠাৎ তার সামনের রিকশাকে ধাক্কা দিলে সে হুমড়ি খেয়ে রাস্তায় পড়ে গিয়ে কনুই ও হাঁটুতে প্রচণ্ড আঘাত পায়।

◀ শিখনফল- ৫ ও ৮

- ক. বল, ভর এবং ত্বরণের সম্পর্ক প্রকাশক সমীকরণটি লিখ। ১
খ. ধ্রুব ভরের বস্তুর ক্ষেত্রে বল এবং ত্বরণের সম্পর্ক ব্যাখ্যা করো। ২
গ. শারমিন পড়ে গেল কেন— তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত দুর্ঘটনার অনুরূপ কয়েকটি সম্ভাব্য দুর্ঘটনা যা আমাদের দৈনন্দিন জীবনে ঘটে, তাদের বিবরণ দাও। ৪

প্রশ্ন ▶ ১৬ সাদদের বাড়ীর পাশে নতুন পিচের রাস্তাটি এবার খুব মসৃণ করে তৈরি করেনি। একজন ড্রাইভার বলল খুবই টায়ার ক্ষয় হচ্ছে। প্রায় টায়ার ব্লাস্ট হচ্ছে। সাদ বলল পূর্বে যখন রাস্তা মসৃণ ছিল তখন গাড়িগুলো বেশ জোরে চলত এবং বর্ষাকালে প্রায় এক্সিডেন্ট হত। ড্রাইভার বলল টায়ার ক্ষয় হলেও রাস্তাসহ কোনো বস্তুই খুব বেশি মসৃণ হওয়া উচিত নয়। এতে দুর্ঘটনা বাড়ে।

◀ শিখনফল- ৯

- ক. বলের ১টি প্রভাব লিখ। ১
খ. কীভাবে ঘর্ষণ কমানো হয়? ২
গ. রাস্তার পূর্বের অবস্থা সম্পর্কে সাদের মতামতের কারণ কী? বর্ণনা করো। ৩
ঘ. ড্রাইভারের শেষ উক্তিটি কি ঠিক? গাড়ীর ইঞ্জিনের ক্ষেত্রে এর প্রয়োগ কেমন হবে? - তুলনা করো। ৪



সেট-১

বিজ্ঞান

বিষয় কোড :

১	২	৭
---	---	---

মান-৩০

সময়: ৩০ মিনিট

১. নিচের কোনটি বলের একক?
K ওয়াট L গ্রাম
M জুল N নিউটন
২. একটি বস্তুর ভর ৪০ কেজি। এর ওপর একটি বল প্রযুক্ত হওয়ায় এর ত্বরণ হলো ৪ মি./সে.^২। প্রযুক্ত বলের মান কত?
K ১২০ নিউটন L ১২০ জুল
M ১৬০ নিউটন N ১৬০ জুল
৩. নিচের কোন সম্পর্কটি সঠিক?
K ভর = বল × ত্বরণ
L ত্বরণ = বল × ভর
M বল = ভর × ত্বরণ
N বল = ভর/ত্বরণ
৪. একটি বস্তুর ভর ৪০ কেজি। এর উপর প্রযুক্ত বলের মান ৬০ নিউটন। ত্বরণ কত?
K ০.৬৭ মি./সে.^২ L ১.৫ মি./সে.^২
M ২ মি./সে.^২ N ২.৫ মি./সে.^২
৫. বিজ্ঞানী নিউটন বল, ভর ও গতির মধ্যে সম্পর্ক স্থাপন করে কয়টি সূত্র প্রদান করেন?
K ৪ L ৩
M ২ N ১
৬. নির্দিষ্ট বলের প্রভাবে কোনটি ঘটে?
K ভরের পরিবর্তন
L গতির পরিবর্তন
M উপাদানের পরিবর্তন
N ত্বরণের পরিবর্তন
৭. নিউটনের কোন সূত্র থেকে বস্তুর বল ও জড়তা সম্পর্কে ধারণা পাওয়া যায়?
K ২য় সূত্র L ১ম সূত্র
M ৩য় সূত্র N ১ম ও ২য় সূত্র
৮. নিউটনের ১ম সূত্র থেকে পাওয়া যায় বস্তুর—
i. জড়তার ধারণা ii. গতির ধারণা
iii. গ্লবতার ধারণা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii
৯. বল প্রয়োগ হয়—
i. ঠেলা বা টানায়
ii. বস্তুকে প্রসারিত বা সংকুচিত করায়
iii. বস্তুকে মোচড়ানো বা ছেড়ায়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii
- রাশিয়ায় একজন গাড়ীচালক হঠাৎ ব্রেক চাপানোর ফলে তিনি সামনের দিকে ঝুঁকে পড়লেন। পরে তিনি সিট বেল্ট বেঁধে নিলেন।
উপরের তথ্যের ভিত্তিতে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :
১০. তার ঝুঁকে পড়ার কারণ কোনটি?
K গতিজড়তা L স্থিতি জড়তা
M বল N ভর
১১. সিট বেল্ট বাধার সময় তার কীদুপ জড়তা ছিল?
K গতি জড়তা L স্থিতি জড়তা
M সুষম জড়তা N নিরপেক্ষ জড়তা
১২. বস্তুর ভরবেগের পরিবর্তনের হার প্রযুক্ত বলের সমানুপাতিক। এটি নিউটনের কোন সূত্র?
K প্রথম সূত্র L দ্বিতীয় সূত্র
M তৃতীয় সূত্র N সবগুলো

সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

১৩. যে বলের জন্য কোনো রকেট এর জ্বালানী নির্গত হওয়ার বিপরীত দিকে চলে তার নাম কী?
K পেশিজ বল L মাধ্যাকর্ষণ বল
M ঘর্ষণ বল N প্রতিক্রিয়া বল
১৪. নিউটনের ২য় সূত্র থেকে প্রাপ্ত বলের মান নির্ভর করে বস্তুর—
i. ভরের ওপর ii. ত্বরণের ওপর
iii. আয়তনের ওপর
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii
১৫. নিউটনের গতিবিষয়ক তৃতীয় সূত্রানুসারে—
i. ক্রিয়া-প্রতিক্রিয়া বল সবসময় একটি বস্তুর উপর ক্রিয়া করে
ii. ক্রিয়া বল থেমে গেলে প্রতিক্রিয়া বলও থেমে যাবে
iii. ক্রিয়া-প্রতিক্রিয়া বল পরস্পর সমান
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
